

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 15-12-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) চা শিল্পের উন্নয়নের লক্ষ্যে আগামী অর্থ বছরে রাজ্যে চা নিগম কেন্দ্র খোলা হবে।
- (২) রেল মন্ত্রক জিরানিয়া - বোধজং নগরের মধ্যে ১৪ কিলোমিটার দীর্ঘ একটি নতুন লাইন নির্মাণের জন্য চূড়ান্ত সমীক্ষার অনুমোদন দিয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জর্ডান, ইথিওপিয়া এবং ওমান সফরের উদ্দেশ্যে আজ আশ্মানে পৌঁছেছেন।
- (৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ খেলো ত্রিপুরা প্যারা গেমসের উদ্বোধন করেন।

Tea Development :

রাজ্য চা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ জানিয়েছেন, চা শিল্পের উন্নয়নের লক্ষ্যে আগামী অর্থ বছরে রাজ্যে চা নিলাম কেন্দ্র খোলা হবে। তিনি জানান, ত্রিপুরায় এখন বছরে প্রায় ৯০ লক্ষ কিলো চা উৎপাদন হচ্ছে। রাজ্যে ৫৪টি চা বাগান ছাড়াও ২ হাজার ৮০০ ক্ষুদ্র চাষি থেকে চা উৎপাদন করছেন। এখন উৎপাদিত চায়ের ৬০ শতাংশ পশ্চিমবঙ্গ অথবা আসামে নিলামে পাঠানো হয়।

এছাড়া আসাম ও পশ্চিমবঙ্গের চায়ের পর নিলামে তোলা হয় রাজ্যের চা। যে কারণে লাভ কম হচ্ছে। আগামী অর্থ বছর থেকে রাজ্যে নিলাম কেন্দ্র চালু হয়ে গেলে চায়ের বড় ব্যবসায়ীরা এখান থেকে চা কিনে নেবেন। যার ফলে রাজ্য সরকারের অর্থ সংগ্রহ বাড়বে।

New Railline :

রেল মন্ত্রক জিরানিয়া – শিল্পনগরী বোধজং নগরের মধ্যে ১৪ কিলোমিটার দীর্ঘ নতুন লাইন নির্মাণের জন্য চূড়ান্ত সমীক্ষার অনুমোদন দিয়েছে, যার আনুমানিক ব্যয় ধার্য করা হয়েছে ৪২ লক্ষ টাকা।

এই অনুমোদন রাজ্যে রেলওয়ে পরিকাঠামো শক্তিশালীকরণ এবং শিল্প কার্যক্রম বৃদ্ধির দিকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

নতুন প্রস্তাবিত জিরানিয়া – বোধজং নগর অংশটি শিল্প পণ্য পরিবহনের জন্য একটি গুরুত্বপূর্ণ রেল করিডোর হবে, যার ফলে ত্রিপুরার জনগণ এবং ব্যবসায়ীরা উল্লেখযোগ্য সুবিধা পাবেন।

State-Level Dhamail Utsav :

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, সারা বছর ধরে নানা অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের ঐতিহ্যপূর্ণ সংস্কৃতি নব প্রজন্মের কাছে তুলে ধরার চেষ্টা করছে রাজ্য সরকার। আজ বিশালগড় টাউন হলে দুদিন ব্যাপী রাজ্য ভিত্তিক ধামাইল উৎসবের সূচনা করে একথা বলেন তিনি। তিনি বলেন বর্তমান সরকার মহিলাদের আত্মনির্ভর করার জন্য সর্বাধিক প্রাধান্য দিয়ে কাজ করছে। অনুষ্ঠানে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বলেন কোন সমাজ ও রাষ্ট্রের উন্নতির ক্ষেত্রে তার সংস্কৃতিক উন্নয়ন জরুরি। অনুষ্ঠানে সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা সরকার দেব, রাজ্য ভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত এই মেলা ও উৎসবে মোট ৮টি জেলা থেকে ২৭টি ধামাইল নৃত্যের দল অংশ গ্রহণ করে।

Indian Army :

রাজ্যে আগামীকাল ১৯৭১ সালে পাকিস্তানের বিরুদ্ধে ভারতের যুদ্ধ জয়ের ৫৪তম বিজয় দিবস উদযাপন হবে। ভারতীয় সেনা বাহিনীর উদ্যোগে সকালে লিচুবাগানে এলবার্ট এক্সা ওয়ার মেমোরিয়াল পার্কে শহীদদের স্মরণ করা হবে। আজ অনুষ্ঠানের প্রস্তুতি দেখেছেন ভারতীয় সেনা বাহিনীর ৭৩ মাউন্টেন ব্রিগেডের কমান্ডেন্ট ব্রিগেডিয়ার ধীরাজ সিং। আগামীকাল সন্ধ্যায় ঐ পার্কে সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা উপস্থিত থাকবেন।

TB Free India :

'টিবি মুক্ত ভারত অভিযান'-এর অধীনে আজ ধলাই জেলার গণ্ডাভুইসা মহকুমা স্বাস্থ্য দপ্তর এর তত্ত্বাবধানে ধলাঝারি, সরমা এবং পঞ্চরতনে এক বিশেষ সচেতনতা কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচির মূল উদ্দেশ্য তৃণমূল স্তরে যক্ষ্মা রোগ সম্পর্কে ব্যাপক সচেতনতা বৃদ্ধি এবং যক্ষ্মা রোগীদের পুষ্টিগত সহায়তা প্রদান করে তাদের চিকিৎসা সুনিশ্চিত করা। অনুষ্ঠানে যক্ষ্মা রোগীদের মধ্যে 'নিষ্কর মিত্র' উদ্যোগের মাধ্যমে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। স্বাস্থ্যকর্মীরা টিবি রোগ কী, তার লক্ষণ ও উপসর্গ এবং সময়মতো রোগ নির্ণয় ও নিয়মিত চিকিৎসার গুরুত্ব নিয়ে আলোচনা করেন। তাঁরা জনসাধারণকে বোঝান যে টিবি একটি সম্পূর্ণ নিরাময়যোগ্য রোগ এবং সঠিক চিকিৎসা ও পুষ্টির মাধ্যমে এই রোগ থেকে মুক্তি পাওয়া সম্ভব।

Package Story-Mariamnagar Church :

যদি প্রশ্ন আসে ত্রিপুরায় পর্তুগালের ক্ষুদ্রে সংস্করণ কোন জায়গাটা? একবাক্যে উত্তর আসবে-আগরতলার কাছে মরিয়মনগর। মাতা মেরির ঠিকানা। রাজ্যে খ্রিস্ট ধর্মের ক্যাথলিক ধারার রীতিনীতি অনুসরণের প্রাথমিক পরিসর। বড়দিন উপলক্ষে ত্রিপুরার ইতিহাসে অপরিহার্য হয়ে থাকা এই জায়গাই বিগত বছরগুলিতে রাজ্যের মিশ্র সংস্কৃতির আশ্চর্য মিলন অবকাশ

গড়ে দিয়েছে। গির্জা চত্বর এবং গোটা এলাকা জুড়ে ধর্ম বর্ণ ভাষা নির্বিশেষে মেলা ঘিরে নানা আয়োজনে বসে আনন্দের হাট। এবারেও প্রশাসনিক পর্যায়ের প্রস্তুতি শুরু হয়ে গেছে। একটি প্রতিবেদন।

#####VC#####

Tinku Roy- Women's College :

আগরতলা মহিলা মহাবিদ্যালয়ে আজ এন এস এসের ৭দিন ব্যাপী বার্ষিক শিবিরের অংশ হিসেবে আয়োজিত সচেতনতামূলক আলোচনায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায় অংশ নেন। মন্ত্রী বলেন যুবসমাজ ও মহিলাদের ক্ষমতায়ন আত্মবিশ্বাসী, দক্ষ ব্যক্তিত্ব গড়ে তোলে। পাশাপাশি উদ্ভাবন ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধি করে, অপরাধ হ্রাস করে এবং সক্রিয় নাগরিক সম্পৃক্ততা ও নেতৃত্বের মাধ্যমে সম্প্রদায়গুলিকে শক্তিশালী করে। আজকের আলোচনার মূল বিষয় ছিল যুবাদের আত্মনির্ভরতা।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM Tour :

জর্ডান, ইথিওপিয়া এবং ওমানে সফরের প্রথম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কিছুক্ষণ আগে জর্ডানের রাজধানী আম্মানে পৌঁছেছেন। জর্ডানের প্রধানমন্ত্রী ডঃ জাফর হাসান শ্রী মোদীকে স্বাগত জানান। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী বলেছেন যে বিমানবন্দরে উষ্ণ অভ্যর্থনার জন্য তিনি শ্রী জাফর হাসানের প্রতি কৃতজ্ঞ। শ্রী মোদী বলেছেন যে তিনি নিশ্চিত যে এই সফর উভয় দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও জোরদার করবে। বাদশাহ দ্বিতীয় আবদুল্লাহ বিন আল হুসেনের আমন্ত্রণে, ভারতের প্রধানমন্ত্রী ৩৭ বছর পর জর্ডানে পূর্ণাঙ্গ দ্বিপাক্ষিক সফরে গেছেন। উভয় দেশই কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৭৫তম বার্ষিকী উদযাপন করছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী রাজা আবদুল্লাহ এবং জর্ডানের প্রধানমন্ত্রী জাফর হাসানের সঙ্গে বিস্তারিত আলোচনা করবেন। তিনি আম্মানে অবস্থিত ভারতীয় সম্প্রদায়ের সঙ্গেও দেখা করবেন। আম্মান থেকে, প্রধানমন্ত্রী আগামীকাল ইথিওপিয়ার রাজধানী আদিস আবাবা যাবেন। তিনি আদিস আবাবায় ইথিওপিয়ার প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলীর সঙ্গে বিস্তারিত আলোচনা করবেন। শ্রী মোদী প্রবাসী ভারতীয়দের সঙ্গে দেখা করবেন এবং সংসদের যৌথ অধিবেশনেও ভাষণ দেবেন।

শেষ পর্যায়ে, শ্রী মোদী বুধবার ওমানের মাস্কাটে পৌঁছাবেন। এই সফর ভারত ও ওমানের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৭০ বছর পূর্তি উপলক্ষে অনুষ্ঠিত হবে। মাস্কাটে, শ্রী মোদী ওমানের সুলতানের সঙ্গে আলোচনা করবেন এবং ওমানে বসবাসকারী ভারতীয় প্রবাসীদের একটি সমাবেশে ভাষণ দেবেন।

Border Area and Bharat ko jano :

ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের উদ্যোগে এবং উত্তর পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্রের সহযোগিতায় খোয়াই জেলার সীমান্ত গ্রাম বেল ছড়ায় দেবেন্দ্র

চৌধুরী পাড়া কমিউনিটি হলে আজ একাধিক রাজ্যের সাংস্কৃতিক দলকে নিয়ে "সীমান্ত এলাকা এবং ভারত কে জানো" শীর্ষক বিশেষ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নাগাল্যান্ড, আসাম, মণিপুর, মধ্যপ্রদেশ এবং ত্রিপুরার জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির বিভিন্ন দিক তুলে ধরা হয়। এই অনুষ্ঠানে বিধায়ক রঞ্জিত দেববর্মা, এডিসির প্রাক্তন মুখ্য কার্যনির্বাহী সদস্য রঞ্জিত দেববর্মা, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, প্রাক্তন বিধায়ক প্রশান্ত দেববর্মা, উত্তর পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্রের উপ-অধিকর্তা অসীম দেবনাথ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Anti Drug Raid :

নেশা বিরোধী অভিযানে বড়সড় সাফল্য অর্জন করল উত্তর ত্রিপুরা জেলা পুলিশ। জেলা পুলিশ সুপার অবিনাশ রাই জানান, গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ধর্মনগর রেলস্টেশনের সামনে অভিযান চালিয়ে ৪৪ হাজার ইয়াবা ট্যাবলেটসহ তিনজন মহিলাকে গ্রেপ্তার করা হয়েছে। উদ্ধারকৃত ইয়াবা ট্যাবলেটের আনুমানিক বাজারমূল্য প্রায় আড়াই কোটি টাকা। পুলিশ সুপার আরও জানান, ধৃতদের মধ্যে দু'জন গোমতি জেলার বাসিন্দা এবং একজন সিপাহী জেলার বাসিন্দা। বর্তমানে ধৃত তিনজন মহিলার বিরুদ্ধে NDPS আইনের অধীনে মামলা রুজু করে জিজ্ঞাসাবাদ চালানো হচ্ছে।

Ayushman Arogya Mandir :

কৃষ্ণনগর নতুন পল্লী এলাকায় আজ ধন্বন্তরি আরবান আয়ুষ্মান আরোগ্য মন্দিরের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। এটি নির্মাণে ব্যয় হবে ৮০ লক্ষ টাকা। পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডক্টর শংকর চক্রবর্তী জানান, এই আরোগ্য মন্দিরে মূল উদ্দেশ্য, তৃণমূল স্তরে মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া। তিনি বলেন, বারোটি পরিষেবা এই আরোগ্য মন্দিরে প্রদান করা হবে। আজকের এই অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের

কর্পোরেটর অভিষেক দত্ত, পশ্চিম জেলার জেলা শাসক ডক্টর বিশাল কুমার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Para Games-CM :

সমাজ কল্যান ও সমাজ শিক্ষা এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে বাধারঘাট স্পোর্টস স্কুল কমপ্লেক্সে খেলো ত্রিপুরা প্যারা গেমসের আজ আনুষ্ঠানিক সূচনা হলো। দু'দিন ব্যাপী রাজ্যভিত্তিক এই প্যারা গেমসের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।

#####Byte-CM#####

উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, স্থানীয় বিধায়ক মীনা রানী সরকার, সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, অধিকর্তা তপন কুমার দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এল. ডার্লং, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন বিভাগে সফল দিব্যঙ্গজনের হাতে পুরস্কার দেওয়ার পাশাপাশি স্পোর্টস হাইল চেয়ার তুলে দেন উপস্থিত অতিথিরা। অনুষ্ঠান শেষে ওইল চেয়ার দৌড় ও ফুটবল আসরের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। মঙ্গলবার খেলো ত্রিপুরা প্যারা গেমস-এর বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতা শেষে সমাপ্তি অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস।
